

সেই যে আমার গ্রাম

ডঃ মোহাম্মদ আবদুর রাযযাক

চোখ মুদলেই যখন তখন শীতলক্ষা নদী
ক্লান্ত আমার দু'চোখে না বইলে নিরবধি
এই প্রবাসে রাত হলে নিবুম -
পোড়া চোখে আসতো নেমে শান্ত মধুর ঘুম ।

গভীর রাতে সব ঘুমিয়ে যায় -
আমার দু'কান রয় যে জেগে অধীর প্রতীক্ষায়
শুনতে আমার মায়ের গলার ঘুমপাড়ানী গান;
বন তুলশীর ঝোপের মাঝে ঝাঁ ঝাঁ ঐকতান ।

চলতে পথে নাকে যখন ফুলের সুবাস আসে,
মন ভরে যায় জুঁই, চামেলী, হাসনুহেনার বাসে ।
মোর বাগানের গন্ধবিহীন ফুলের সমাহার
কোথায় পালায়; সেথায় হাসে গন্ধরাজের ঝাড় ।

দুধ-সিরিয়াল নাশতা আমার, চা'তে চিনি কম -
খেতে গেলেই মায়ের হাতের লুচি, আলুর দম
চোখে ভাসে; ভাই বোনেরা সবাই মিলে খেতাম -
আজকে ভাবি সে দিনগুলি আবার যদি পেতাম !

সেই যে কবে গ্রাম ছেড়েছি, আজ পড়েনা মনে -
তবু কেন সে গ্রাম আমায় কারণ অকারণে
এই প্রবাসের সকাল, দুপুর, সাঁঝবেলাতে ভাবায় ?
কাঁদায়, হাসায়, মনের বীণায় সুরের কাঁপন জাগায় ।

ইউনাইটেড এয়ারলাইনস, ফ্লাইট ৮৩৯
লসএঞ্জেলস - সিডনী, ২৮/০৫/০৫